গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd

online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৮৭৪

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩১ বঃ
০৯ এপ্রিল ২০২৫ খ্রি.

## ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২২ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ১ম বর্ষ ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী Online-এ ফরম পূরণ সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। ডিগ্রী পাস কোর্সের ২য় বর্ষের নিয়মিত শিক্ষার্থীদের বেতন পরিশোধ এবং যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ২য় বর্ষ ডিগ্রী পাস ও সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণ করেনি তাদের পুনঃভর্তির মাধ্যমে Online-এ ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**পরীক্ষার আবেদন ফরম পূরণের তারিখ ও সময়সূচি**

| তারিখ | গ্রুপ | সময় | স্থান |
|---|---|---|---|
| ২০/০৪/২০২৫ থেকে ২৩/০৪/২০২৫ | সকল গ্রুপ (নিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) | সকাল ১০টা থেকে বেলা ০১টা পর্যন্ত | ফুলার ভবন সংস্কৃত বিভাগ |

১। সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথা সময়ে পরীক্ষার্থী ও কলেজেকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

**২। পরীক্ষার ফিস জমা:**

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

(ক) **নিয়মিত ছাত্র-ছাত্রী** যাদের DBBL মোবাইল এ্যাকাউন্টে আছে তারা নিজেদের একাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য একাউন্ট থেকে নিম্নোক্ত নিয়ম অনুসারে প্রথমে ফরমপূরণের ফি পরিশোধ করবে এবং পরে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Degree/formfillup* লিংকে প্রবেশ করে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করে নিবে।

(খ) **অনিয়মিত ও বিভাগ উন্নয়ন ছাত্র-ছাত্রীরা** প্রথমে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Degree/formfillup* লিংকে অথবা ***http://rc.gov.bd/admission-formfillup/*** লিংকের ***Degree (Pass) Form Fillup*** লিংকে প্রবেশ করে **Click Here** বাটনে ক্লিক করার পর পর্যায়ক্রমে আইডি নম্বর ও payment type থেকে পত্রসংখ্যা সিলেক্ট করে Next বাটনে চাপ দিয়ে নিজেদের চাহিদা অনুযায়ী invoice তৈরি হবে এবং ডাচ্-বাংলা ব্যাংকের পেমেন্টের নির্দেশনার অপশন আসবে। তারপর DBBL টাকা পরিশোধের নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। এরপর পেজ **Refresh** করে অথবা **Sign-in** করে অথবা পুনরায় উক্ত লিংকে অনুরূপভাবে প্রবেশ করে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করবে।

**ফি পরিশোধের নিয়মাবলীঃ**

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার Class ID (উদাহরণ :2019000006) দিন
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ফরম পূরণ সম্পন্ন হবে। এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

**অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

ক) স্নাতক (পাস) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।

খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।

গ) Confirmation Slip- এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে **ফুলার ভবন সংস্কৃত বিভাগে** জমা দিতে হবে।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর):**

i) **২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।**

ii) **উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

iii) **২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাঞ্ছনীয়।**

**খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর):**

i) **২০২০-২০২১, ২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯** শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২১, ২০২০ ও ২০১৯ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২১, ২০২০, ২০১৯ ও ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে Promoted (উত্তীর্ণ) হয়েছে কিন্তু ২০২১, ২০২০, ও ২০১৯ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য বা (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) **২০২০-২০২১, ২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯** শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২১, ২০২০ ও ২০১৯ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

**গ) অকৃতকার্য ও মান্নোয়ন:**

i) ২০২০-২০২১, ২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০২১, ২০২০ ও ২০১৯ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী যারা ২০২২, ২০২১ ও ২০২০ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted বা অকৃতকার্য হয়েছে বা কোন পত্রে/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) **২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে** F গ্রেড পেয়েছে তারা শেষবারের মত এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) **যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বার অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে C গ্রেড এবং D গ্রেড পেয়েছে তারা সর্ব্বোচ্চ দু'টি কোর্সে/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

**ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর):**

i) **২০২২, ২০২১, ২০২০, ২০১৯ ও ২০১৮ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০২২, ২০২১, ২০২০, ২০১৯ ও ২০১৮ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

ii) **এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।**

**ঙ) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ফরম পূরণ ঃ**

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এবং ২০১৭ সালের প্রাইবেট শিক্ষার্থী যারা এক বা একাধিক কোর্সে অকৃতকার্য (রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে) তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাক ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধু ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।**

**অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :**

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ems.nu.ac.bd) এ গিয়ে Apply to online form Fillup (For Student)-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৪। **প্রশ্নপত্রের চাহিদা :**

ক) বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক 'প্রশ্নপত্রের চাহিদা বিবরণী' যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে।

**খ) প্রশ্নপত্রের চাহিদা সঠিকভাবে প্রদান করতে হবে। চাহিদা পত্রে ভুল তথ্য প্রদানের ফলে প্রশ্নপত্রের ঘাটতি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় বহন করবে না।**

৫। **প্রবেশপত্র সংশোধন :**

ক) প্রবেশপত্র কোনক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্র সহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

**খ) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

৬। **রেগুলেশন :**

২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd তে দেয়া আছে।

৭। **সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে) ঃ**

২০২৩ সালের ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮। **ইন-কোর্স পরীক্ষার নম্বর প্রেরণ :**

নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইনকোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সফটওয়ারের অনলাইনে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্টকপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী পাস শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এ তত্ত্বীয় পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

৯। **ফলাফল ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।**

**বি: দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়কে অনুরোধ করা হলো।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৮৭৪

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩১ বঃ / ০৯ এপ্রিল ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স **২য় বর্ষ** পরীক্ষা কমিটি-২০২৩, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। ম্যানেজার, রূপালী ব্যাংক লি. কে.এন.আই রোড শাখা, রাজশাহী;
৫। ম্যানেজার, DBBL, রাজশাহী;
৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৭। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ ০৯/০৪/২০২৫
রাজশাহী কলেজ, রাজশাহী
০৯/০৪/২০২৫